# উসূলে ফিক্বহ (ফিক্বহের মূলনীতি)

বিভাগ/অধ্যায়ঃ তাক্বলীদ (التقليد)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

পরিচিতি

التقليد এর সংজ্ঞা: التقليد এর আভিধানিক অর্থ- ঘাড়ে কোন কিছু বেষ্টন করে দেয়া। যেমন: মালা। পরিভাষায়:

اتباع من ليس قوله حجة

“যার কথা শরীয়াতে হুজ্জত বা দলীল নয়, তাকে অনুসরণ করাকে তাক্বলীদ বলে।”

সুতরাং আমাদের বক্তব্য: من ليس قوله حجة (যার কথা শরীয়াতে হুজ্জত বা দলীল নয়) এ অংশ দ্বারা তাক্বলীদ বিলুপ্ত হয়েছে। ফলে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, ইজমাকারী, মুজতাহিদ ও ছাহাবীদের অনুসরণ ও তাদের কথা দলীল হিসাবে গণ্য হয়েছে।

সুতরাং উপরোক্ত কারো অনুসরণকেই তাক্বলীদ হিসাবে অভিহিত করা হবে না। কেননা, এটা দলীলের অনুসরণ। তবে কোন কোন সময় রূপকভাবে এবং ব্যাপকতার দিক বিবেচনা করে এদের অনুসরণকেও তাক্বলীদ হিসাবে অভিহিত করা হয়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9473

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন